



ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন একটি প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.org.bd



নিয়োগ বিজ্ঞপ্তি

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাভুক্ত ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)-এর নিম্নবর্ণিত পদে নিয়োগদানের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে চাহিদাকৃত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স এবং বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স	বেতন গ্রেড/ স্কেল/সাকুল্যে বেতন	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়সসীমা (২৫-০৩-২০২০ তারিখে- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭. ২০.১৪৩, তারিখঃ ১৯ আগস্ট, ২০২১ অনুসারে)
১.	সহকারী মহাব্যবস্থাপক/ প্রোগ্রামার-সফটওয়্যার ডেভেলপার	০১	সর্বোচ্চ ৪০ বছর	বেতন গ্রেড-৬ ৩৫,৫০০-৬৭,০১০/-	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা Computer Science and Engineering (CSE) বা Information and Communication Technology (ICT) সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থার ৯নং গ্রেডের পদে বা বেসরকারি পর্যায়ে ব্যবস্থাপক/সিনিয়র উপজেলা ব্যবস্থাপক সমপর্যায়ের পদে সফটওয়্যার ডেভেলপমেন্ট (প্রোগ্রামিং ও ডাটাবেইজ) এর উপর কমপক্ষে ৫ (পাঁচ) বছরের কর্মঅভিজ্ঞতা।

শর্তাবলিঃ

- প্রার্থীগণকে ফাউন্ডেশনের ওয়েবসাইটে প্রকাশিত চাকরির আবেদন ফরমের মাধ্যমে আবেদন করতে হবে;
- প্রার্থীগণকে আবেদন ফরম-এর সাথে (ক) সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি; (খ) বয়স প্রমাণের জন্য এস,এস,সি/সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি; (গ) স্থায়ী ঠিকানার সমর্থনে নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি (মূলকপি মৌখিক পরীক্ষার সময়) দাখিল করতে হবে। (ঘ) অভিজ্ঞতার সনদপত্র ও সর্বশেষ কর্মস্থলের কর্তৃপক্ষের কাছ থেকে বেতন-ভাতার প্রমাণক (কর্তৃপক্ষের সাথে যোগাযোগের ফোন নম্বর উল্লেখসহ) দাখিল করতে হবে। বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;
- প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় (ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপিসহ মূল কপি; (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপিসহ মূল কপি; (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপিসহ মূল কপি উপস্থাপন করতে হবে;
- আবেদন ফরম-এর সাথে প্রার্থীকে ৫০০/- (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পোস্টাল অর্ডার ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন-এর নামে সংযুক্ত করতে হবে;
- প্রার্থীদেরকে ১৭/১১/২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালে “ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, পল্লী ভবন (৭ম তলা), ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫” বরাবরে দরখাস্ত রেজিস্টার্ড ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পৌছাতে হবে। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে দরখাস্ত প্রেরণ করতে হবে;
- অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/দ্রুটিপূর্ণ/ভুল প্রমাণিত হলে তীব্র দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে;
- প্রাপ্ত দরখাস্তসমূহ বাছাইয়ের পর প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষার স্থান, সময় ও তারিখ ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন-এর ওয়েবসাইট (www.sfdf.org.bd) এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইট (www.rdc.gov.bd)-এর মাধ্যমে অবহিত করা হবে এবং প্রবেশপত্র প্রার্থীর বর্তমান ঠিকানায় প্রেরণ করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না;
- ইতোপূর্বে এ ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক (আইসিটি, হার্ডওয়্যার মেইনটেনেন্স ও রিসার্চ এবং আইসিটি, সফটওয়্যার ও ডকুমেন্টেশন) পদে যারা আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই;
- নিয়োগকালে বিজ্ঞপ্তির পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি, যে কোন শর্ত পরিবর্তন, পরিমার্জন বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


মোঃ জাফর হোসেন আকন্দ

ব্যবস্থাপনা পরিচালক
ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
ফোন-০২-৮১৮০১৫০